মহারাজাধিরাজ উদয়চাঁদ মহিলা মহাবিদ্যালয়

অনলাইন ভর্তি প্রক্রিয়া

(2021-2022)

অনলাইন ভর্তি প্রক্রিয়াতে রেজিস্ট্রেশন

1. অনলাইনে ভর্তির আবেদনের জন্য কোন **অর্থ লাগবে না।**

2. অনলাইনে আবেদন করার জন্য প্রত্যেক ছাত্রীকে **অবশ্যই নিজস্ব ইমেল আইডি (E-mail ID)** তৈরি করতে হবে।

3. অনলাইনে ভর্তির জন্য নির্দিষ্ট সময়সীমা মধ্যে আবেদন করতে হবে। আবেদন করার ওয়েবসাইটের ঠিকানাটি হল- **https://www.admissionmucwc.in/student_login.aspx**

4. রেজিস্ট্রেশন করার জন্য আবেদনকারীর নিম্নলিখিত তথ্যগুলি প্রয়োজনীয়- **মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার রোল নম্বর , মোবাইল নম্বর** (হোয়াটসঅ্যাপ নম্বর হলে ভালো) , **ইমেইল** (জিমেইল হলে ভালো) **আইডি (আবশ্যিক) এবং আধার কার্ড নম্বর।**

5. অনলাইনে ফরম ফিলাপ প্রক্রিয়া সম্পন্ন হলে , লগ ইন **(Student Login)** করার জন্য ইউজার আইডি **(User Name)** এবং পাসওয়ার্ড **(Password)** আপনা আপনি তৈরি হয়ে যাবে , **যেটি নথিভুক্ত মোবাইল নম্বর এবং ইমেইল আইডিতে পাঠিয়ে দেওয়া হবে।**

6. আবেদনকারী নিজের পছন্দমত পাসওয়ার্ড পরবর্তীকালে সুরক্ষার স্বার্থে তৈরি করে নিতে পারে।

ফর্ম পূরণ

1. অনলাইন এডমিশন ফর্ম ফিলাপ সঠিকভাবে করতে হবে। দয়া করে ওয়েবসাইটের নির্দেশাবলী ভালো করে পড়ুন।

2. আবেদনকারী একসাথে চারটি অনার্স কোর্স এবং একটি জেনারেল কোর্স এর জন্য আবেদন করতে পারবে।

3. প্রতিটি পছন্দকেই সমান গুরুত্ব দেওয়া হবে।

4. সফলভাবে আবেদনপত্র পূরণ করার পর আবেদনকারী যদি **চূড়ান্ত মেধা তালিকায় স্থান পায় তখন অনলাইনে টাকা জমা দেওয়ার আগে** জেনারেল ইলেকটিভ **(GE) বিষয়ের তথ্য পূরণ করতে হবে।**

5. অনার্স বিষয়টি ব্যতীত অন্য কোন বিষয় , শাখার সাথে যুক্ত (বিজ্ঞান বা কলা) , জেনারেল ইলেকটিভ (GE) হিসাবে পছন্দ করতে হবে (* **কম্বিনেশন সাবজেক্ট নামে টেবিলটি দেখুন**)।

6. একই রকম ভাবে জেনারেল কোর্সের আবেদনকারীদেরও বিষয় পছন্দ করতে হবে। তাদের ক্ষেত্রে বলা হয় কর 'কোর কোর্স' **(CC)** । **বিজ্ঞান শাখার আবেদনকারীদের তিনটি কোর কোর্স এবং কলা বিভাগের ক্ষেত্রে দুইটি কোর কোর্স থাকবে ।** কলা বিভাগের ক্ষেত্রে অপর একটি কোর কোর্স **L1/L2** বাধ্যতামূলক ভাবে নিতে হবে।

7. অনার্স কোর্সের সাথে জেনারেল ইলেকটিভ **(GE) এবং** জেনারেল কোর্স এর সাথে কোর কোর্স **(CC) যথাযথভাবে পূরণ করা না হলে** ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে না।

8. আবেদনকারী অনার্স ব্যতীত শুধুমাত্র জেনারেল কোর্সের জন্যও আবেদন করতে পারে।

9. উচ্চমাধ্যমিকের বিষয়/সংযুক্ত বিষয়ের উপর নির্ভর করে অনার্স কোর্সের জন্য আবেদন করবে।

10. ফরম পূরণ করার জন্য আবেদনকারী **'ড্রপ ডাউন লিস্ট'** থেকে তথ্য দিতে পারবে। উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার বোর্ড যদি তথ্যে না দেওয়া থাকে সেক্ষেত্রে **"Others"** পছন্দ করতে হবে।

11. আবেদনকারীকে **অবশ্যই মাধ্যমিকের এডমিট কার্ড মার্কশিট (মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক) , জাতিগত শংসাপত্র (যদি থাকে), শারীরিক প্রতিবন্ধকতা শংসাপত্র (যদি থাকে), সই (সর্বাপেক্ষা 20 KB) এবং ছবি (সর্বাপেক্ষা 30 KB) স্ক্যান করে আবেদনপত্রের সাথে অনলাইনে আপলোড করতে হবে।**

12. ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবার পর তথ্য যাচাই করার সময় **পরিবারের আয় সংক্রান্ত শংসাপত্র** (বি.ডি.ও/ এস.ডি.ও/ গেজেটেড অফিসার/ ইনকাম ট্যাক্স রিটার্ন) নির্দিষ্ট ব্যক্তির কাছ থেকে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

13. **আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবার পর আবেদনকারী যদি কোন ভুল তথ্য লক্ষ্য করে বা কোন পরিবর্তন করতে চাই, সেক্ষেত্রে ওই আবেদনপত্রে আর কোনো পরিবর্তন করা যাবে না। আবেদনকারীকে নিজের প্রোফাইলে গিয়ে প্রোফাইলটি ডিলিট বা বাতিল করে দিতে হবে এবং নতুনভাবে পুনরায় আবেদন করতে হবে।**

মেধা তালিকা এবং গ্রহণবা একসেপ্ট (Accept)

1. **বিষয়ভিত্তিক এবং বিভাগভিত্তিক মেধা তালিকা প্রকাশ করা হবে। অনার্স এবং জেনারেল কোর্স এর আলাদা করে তালিকা প্রকাশ করা হবে।** যদি চূড়ান্ত মেধা তালিকায় আবেদনকারী স্থান পায় , সে ক্ষেত্রে তাকে গ্রহণ বা একসেপ্ট (**Accept**) বোতাম ক্লিক করে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আসন দখল করতে হবে।

2. আবেদনকারী যদি চূড়ান্ত মেধা তালিকায় নাম থাকা সত্ত্বেও গ্রহণ বা একসেপ্ট বোতামে ক্লিক করতে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আসন দখল করতে ভুলে যায়তাহলে তার ভর্তির সুযোগ হারিয়ে যাবে।

3. 'সুযোগ হারানো' আবেদনকারী পুনরায় সুযোগ পাওয়ার জন্য আবেদন করতে পারে। যদি প্রয়োজনীয় সংখ্যক আসন খালি থাকে তবে কর্তৃপক্ষ তার আবেদন বিচার করে দ্বিতীয় সুযোগ দিতে পারে। সে ক্ষেত্রে কোন আবেদনকারী যদি সেই সুযোগ পেয়েও হারাই তাহলে সে আর ভর্তি হতে পারবে না। দ্বিতীয়বার সুযোগ দেওয়ার ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ বাধ্য নয়।

4. গ্রহণ বা একসেপ্ট (**Accept**) বোতাম ক্লিক করে আসন দখল করার পর , নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে 'পেমেন্ট গেটওয়ের ' মাধ্যমে এবং সেই টাকা জমার রশিদ প্রিন্ট করে যথাযথভাবে সংরক্ষণ করে রাখতে হবে। পরবর্তী সময়ে ছাত্রীদের নথি যাচাই বা ক্লাসে অংশগ্রহণ করার সময় সেটি দেখাতে হবে।

5. প্রতিটি মেধাতালিকা থেকে ভর্তি হওয়ার জন্যকমপক্ষে 24 ঘন্টা সময় থাকবে।

6. নথি যাচাই করার সময় যদি কোন তথ্যের ভুল নজরে আসে সে ক্ষেত্রে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে।

পূর্ব সতর্কীকরণ

1. আবেদনকারী অবশ্যই নিজস্ব মোবাইল নাম্বার (সম্ভব হলে হোয়াটসঅ্যাপ নাম্বার) এবং ইমেইল (জিমেইল হলে ভালো হয়) দেবে।

2. আবেদনপত্রে সমস্ত তথ্য সঠিক দিতে হবে নতুবা পরবর্তীকালে যদি কোনভাবে ভুল তথ্য প্রমাণিত হয় সেক্ষেত্রে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে।

3. আবেদনপত্র পূরণ করার পূর্বে প্রয়োজনীয় বিষয় গুলি ভালোভাবে পড়ে নিতে হবে।

4. আবেদনপত্র চূড়ান্ত জমা (**Final Submission**) করার পূর্বে আরো একবার ভালোকরে দেখে নিতে হবে, যদি কোন ভুল থাকে তবে তা সংশোধন করে তবেই চূড়ান্ত জমা দেওয়া আবশ্যক।

5. খসড়া মেধাতালিকাতে যদি কোন ভুল পরিলক্ষিত হয় , তবে তা হেল্পলাইনে ফোন করে বা ইমেইল করে জানাতে হবে।

6. প্রতিটি মেধা তালিকা নজরে রাখতে হবে এবং সুযোগ পেলেই গ্রহণ বা একসেপ্ট (**Accept**) বোতাম দিয়ে ভর্তি হতে হবে।

7. আবেদন সম্পূর্ণ হওয়ার পর **আবেদনপত্র (Application Form)** এবং **অর্থ জমা সংক্রান্ত রশিদ (Payment receipt)** অবশ্যই প্রিন্ট আউট করে নিজের কাছে যত্ন করে রাখতে হবে।